

বাঁকুড়া পৌরসভা

বিজ্ঞপ্তি

স্মারক সংখ্যা: 4805/NULM/B.M


তারিখ: 18/11/2021.

বাঁকুড়া পৌরসভার উদ্যোগে এন.ইউ.এল.এম (N.U.L.M.) এর কর্মসূচিতে এলাকার দরিদ্র পরিবারের সদস্যদের স্বনির্ভরতার লক্ষ্যে বিভিন্ন বিষয়ে দক্ষতা বাড়ানোর উদ্দেশ্যে নিম্নোক্ত বিষয়ে বৃত্তিমূলক প্রশিক্ষণের জন্য বেকার উদ্যোগী তরুণ/তরুণীদের বাছাই করা হবে। সাক্ষাৎকারের মাধ্যমে বাছাই প্রার্থীদের বাঁকুড়া পৌরসভার মনোনীত এবং রাজ্য নগর উন্নয়ন সংস্থা কর্তৃক অনুমোদিত ট্রেনিং সেন্টারে বাড়ি থেকে যাতায়াত করে প্রশিক্ষণ নিতে হবে। প্রশিক্ষণের ব্যয়ভার বাঁকুড়া পৌরসভার মাধ্যমে রাজ্য নগর উন্নয়ন সংস্থা বহন করবে। প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক প্রার্থীদের আগামী ২৪/১১/২০২১ বিকেল ৩ ঘটিকার মধ্যে প্রয়োজনীয় শংসাপত্র সহ আবেদনপত্র বাঁকুড়া পৌরসভার ত্রিতলে এন.ইউ.এল.এম (N.U.L.M.) বিভাগে জমা দিতে হবে। নমুনা আবেদনপত্র সংশ্লিষ্ট দপ্তরে এবং বাঁকুড়া পৌরসভার ওয়েবসাইট www.bankuramunicipality.org তে পাওয়া যাবে।

প্রশিক্ষণের বিষয়সূচী এবং আবশ্যিক যোগ্যতা :

Sl No.	MES Course Name	No of Trainees	Qualification
1.	Tourist Guide	30	10 th Pass

- আবেদনকারীর বয়স ১৮-৪০ হতে হবে।
- শহরের দরিদ্র পরিবারভুক্ত বাঁকুড়া পৌরসভার স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের এবং তাদের ছেলে-মেয়েদের প্রথম অগ্রাধিকার থাকবে।
- আবেদনকারীকে বাঁকুড়া পৌর এলাকার নাগরিক হতে হবে।
- একই পরিবারের একাধিক প্রার্থী বিবেচিত হবেন না।
- প্রশিক্ষণের শেষে শংসাপত্র দেওয়া হবে।
- আবেদনকারীর রাজ্যের যে কোন স্থানে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- প্রশিক্ষণের শেষে পৌরসভা কোন প্রার্থীকে চাকুরি দিতে বাধ্য নয়।



পৌর প্রধান
বাঁকুড়া পৌরসভা

Chairperson
Board of Administrators
Bankura Municipality